

41

**ইসলামী বিশ্ববিদ্যালয়ের
ভিসিসহ ৪৪ জনের
বিরুদ্ধে মামলা**

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদ-
দাতা : মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে
আঘাত দেয়ার অভিযোগ এনে ইসলামী
বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর কয়েস
উদ্দিন, কোষাধ্যক্ষ মাহতাবউদ্দিন সরকার,
প্রক্টর রুহুল কুদ্দুস মোঃ সালেহ, ছাত্র
উপদেষ্টা আ. ন. ম. রেজাউল করিম, পূজা
উদযাপন কমিটির সভাপতি চন্দন বসু ও
সম্পাদক অনন্ত কুমার খাঁসহ ৪৪ জনকে
আসামি করে ঝিনাইদহে আদালতে একটি
মামলা দায়ের করা হয়েছে।

ঝিনাইদহ শহরের কাঞ্চনপুরের এম. এ.
খবির বাদি হয়ে বাংলাদেশ দায়িত্বিধি ২৯৫
(ক) ধারায় গত ১৭ই জানুয়ারি রোববার এ
মামলা দায়ের করেন (মামলা নং পিটি
৩৭/৯৯ ডাং ১৭-১-৯৯)। আদালত
মামলাটি শুনানির জন্য আগামী ২রা
ফেব্রুয়ারি পরবর্তী দিন ধার্য করেন এবং
মামলাটি জেলা ম্যাজিস্ট্রেটের বরাবর প্রেরণ
করেন।

২২শে জানুয়ারি সরস্বতী পূজা
উদযাপন উপলক্ষে ইসলামী বিশ্ববিদ্যালয়
পূজা উদযাপন পরিষদ এক আমন্ত্রণপত্রে
সরস্বতী দেবীর ছবির নিচে কোরানের
আয়াত সংবলিত বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম
মুদ্রিত করে বিলি করেন।